

## ডিপার্টমেন্ট অব এডুকেশনের আদর্শ সংক্রান্ত বিবৃতি

### I. বাড়তি সহায়তা

এই বিজ্ঞপ্তির এক নম্বর সংযুক্তিটি বিভিন্ন সংগঠন ও এজেন্সির অ-বিশেষিত একটি তালিকা। পিতামাতা/শিক্ষার্থীরা শিক্ষার্থীদের অধিকার সংক্রান্ত প্রশ্ন নিয়ে বিনাখরচে বা কম খরচে সহায়তা লাভের জন্য এসব সংগঠন ও এজেন্সির সাথে যোগাযোগ করতে পারেন।

### II. আইনি ও পক্ষালম্বন পরিষেবা

আপনি বিনাখরচে অথবা কম খরচে আইনি অথবা পক্ষালম্বন পরিষেবা লাভ করতে পারেন। এই বিজ্ঞপ্তির দুই নম্বর সংযুক্তিটি এই উদ্দেশ্যে লভ্য বিভিন্ন দপ্তর ও এজেন্সির অ-বিশেষিত একটি তালিকা।

### III. অধিকারের বিবরণ

নিচে পাবলিক স্কুলে অধ্যয়নকারী যোগ্য প্রতিবন্ধী শনাক্তকরণ, মূল্যায়ন, এবং সে কোন ধরনের পরিষেবা লাভ করবে তা নির্ধারণ সংক্রান্ত অধিকারগুলোর সংক্ষিপ্ত বিবরণ দেয়া হয়েছে। আপনার সন্তান সম্পর্কিত সিদ্ধান্ত এবং সেসব সিদ্ধান্তের সঙ্গে আপনি যদি দ্বিমতপোষণ করেন তাহলে আপনার যেসব অধিকার রয়েছে সেগুলোর ব্যাপারে আপনাকে অবহিত রাখা আমাদের উদ্দেশ্য।

আপনার সন্তানের বিনাখরচে যথাযথ সরকারি শিক্ষালাভের অধিকার রয়েছে। এর মধ্যে থাকতে পারে আপনার অথবা সন্তানের নিম্নবর্ণিত অধিকারগুলো:

- (a) প্রতিবন্ধী নয় এমন শিক্ষার্থীদের সঙ্গে আপনার যথোপযুক্ত সর্বোচ্চ সময় পর্যন্ত শিক্ষালাভ;
- (b) প্রতিবন্ধী নয় এমন শিক্ষার্থীরা যেসব ফ্যাসিলিটিতে শিক্ষালাভ করে এবং পরিষেবা পায় আপনার সন্তানেরও সেসব ফ্যাসিলিটিতে শিক্ষালাভ করা এবং সেসব পরিষেবার পাওয়া;
- (c) আপনার সন্তানকে স্কুল এবং স্কুল সংক্রান্ত কর্মসূচি ও কর্মকাণ্ডে অংশগ্রহণের সমসুযোগ দেয়ার জন্য যুক্তিসঙ্গত সংস্থানের ব্যবস্থা করা;
- (d) আপনার সন্তানকে নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলগুলো পরিচালনা করে না এমন কর্মসূচিতে পাবলিক স্কুল পাঠিয়ে থাকলে সেগুলোতে যাতায়াতের জন্য পর্যাপ্ত পরিবহন সুবিধা যার খরচ আপনার জন্য আপনার সন্তান একটি পাবলিক স্কুল কর্মসূচিতে পড়লে যা পড়তো তারচেয়ে বেশি হবে না;
- (e) প্রয়োজন হলে, বিনাখরচে ইনস্ট্রাকশন রুম, থাকার জায়গা ও চিকিৎসা সংক্রান্ত নয় এমন শারীরিক পরিচর্যাসহ আবাসিক কর্মসূচিতে স্থানলাভ;
- (f) পাবলিক স্কুলগুলো দেয় এমন নন-অ্যাকাডেমিক এবং পাঠক্রম-বহির্ভূত কর্মকাণ্ডে অংশগ্রহণের সমসুযোগ;
- (g) শিক্ষার্থীর শনাক্তকরণ, মূল্যায়ন এবং সংস্থান অবহিতকরণ;
- (h) পরীক্ষা এবং অন্যান্য মূল্যায়ন সামগ্রী ব্যবহার করে বিনাখরচে যথোপযুক্ত সরকারি শিক্ষার ব্যবস্থা করার জন্য মূল্যায়ন যেগুলো (১) সুনির্দিষ্ট ক্ষেত্রে ব্যবহারের জন্য বৈধ, (২) প্রশিক্ষণপ্রাপ্ত কর্মী দ্বারা পরিচালিত, এবং (৩) সুনির্দিষ্ট শিক্ষা চাহিদা নিরূপণে প্রণীত যাতে আপনার সন্তানের প্রবণতা এবং সাফল্যের স্তর ফলাফলে নির্ভুলভাবে প্রতিফলিত হয়;

-ক্রমশ-

- (i) মূল্যায়ন প্রক্রিয়ার অংশ হিসাবে বিবেচনার জন্য আপনার কাছে থাকা যেকোন মূল্যায়নের তথ্য জমা দেয়া;
- (j) আপনার সন্তান, মূল্যায়নের তারিখ এবং বিভিন্ন ধরনের সংস্থান সম্পর্কে অবহিত ব্যক্তিদের দ্বারা বিভিন্ন সূত্র ও তথ্যের ভিত্তিতে মূল্যায়নের ব্যাখ্যা এবং সংস্থানের সিদ্ধান্ত সুচিন্তিতভাবে গ্রহণ করার;
- (k) আপনার সন্তানের শনাক্তকরণ, মূল্যায়ন এবং সংস্থান সম্পর্কিত সকল প্রাসঙ্গিক রেকর্ড পরীক্ষা এবং যুক্তিসঙ্গত ফি-এর বিনিময়ে এসব রেকর্ডের কপি সংগ্রহ করা, যদি না এই ফি আপনাকে রেকর্ড সংগ্রহ কার্যকরভাবে অসম্ভব করে তোলে;
- (l) আপনার সন্তানের শিক্ষা রেকর্ড সংশোধনের অনুরোধ করার যদি এমত বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ থাকে যে এগুলো অযথার্থ, বিভ্রান্তিকর অথবা আপনার সন্তানের গোপনীয়তা রক্ষা অধিকারের পরিপন্থী;
- (m) আপনার সন্তানের শনাক্তকরণ, মূল্যায়ন, শিক্ষা কর্মসূচি অথবা সংস্থান সম্পর্কে পাবলিক স্কুল কর্তৃক গৃহীত সিদ্ধান্তের ব্যাপারে নিরপেক্ষ শুনানির জন্য অনুরোধ। নিরপেক্ষ শুনানির জন্য আপনাকে অনুরোধ করতে হবে:

Office of Impartial Hearings  
131 Livingston Street, Room 201  
Brooklyn, NY 11201

যদিও এ অনুরোধ লিখিত হতে হবে, আপনার যদি লিখিত অনুরোধ সম্পর্কে কোন প্রশ্ন থাকে তাহলে (718) 935-3280) নম্বরে আপনি ইমপারশিয়াল হেয়ারিং অফিস-এ ফোন করতে পারেন;

- (n) নিরপেক্ষ শুনানির ফল হিসাবে বিরূপ সিদ্ধান্তের পুনর্বিবেচনা (আপিল) করার জন্য আবেদন;
- (o) অভিযোগ, মধ্যস্থতা, নিরপেক্ষ শুনানি এবং আপিল দায়ের;
- (p) সংস্থানে দশ দিনের বেশি সাসপেনশনসহ তাৎপর্যপূর্ণ পরিবর্তনের আগে শিক্ষার্থীর সংস্থান মূল্যায়ন এবং পর্যালোচনা; এবং
- (q) ডিজঅ্যাভিলিটি অ্যাক্টের ৫০৪ ধারার পাশাপাশি অন্যান্য ফেডারেল এবং সিটি আইনের আওতায় সহায়তালভও নিয়মিত কর্মসূচিতে অংশগ্রহণ।

প্রতিবন্ধী পিতামাতারাও সরকারি স্কুলে সন্তানদের (তাদের প্রতিবন্ধিতা থাক বা না থাক) শিক্ষা সংক্রান্ত কর্মকাণ্ডে অংশগ্রহণের জন্য যুক্তিসঙ্গত সুবিধা পেতে পারেন।